

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

নথি নম্বরঃ ৪৬.০৫.০০০০.০০০.৬২৬.০৭.০০০৯.২৫ নথির বিষয়ঃ Supply of electrical sub-station related spare item for SKWP.

নোটঃ ১ নোটের বিষয়ঃ Supply of electrical sub-station related spare item for SKWP কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৪/৩/২৫ ১২:৪০ অপরাহ্ন

সংযুক্তি সমূহ দয়া করে দেখা যেতে পারে। সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৬ টি গভীর নলকূপ (বাকী ১ টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। অত্র প্ল্যান্টের আওতাধীন প্রায় ২০ বর্গ কিলোমিটার এলাকায় বিদ্যমান ৪৬ পাম্প কম্পাউন্ডসহ ২টি আয়রন রিমুভাল প্ল্যান্টের জন্য মোট ৩০ কি.মিঃ বৈদ্যুতিক ১১ কেভি ও ১৪ কি.মিঃ ৩৩ কেভি বৈদ্যুতিক এইচটি লাইন আছে। আমিন বাজার ও সাভার পিবিএস থেকে আগত বৈদ্যুতিক পাওয়ার যথাক্রমে IRP#1 ও IRP#2 কম্পাউন্ডে বিদ্যমান ২টি ৫ এমভিএ ৩৩/১১ কেভি সাব-স্টেশনের মাধ্যমে ১১ কেভি ডিস্ট্রিবিউশন লাইনের মাধ্যমে পাম্প স্টেশনে সরবরাহ করা হয়। আলোচ্য প্ল্যান্টের আওতায় ২৫ কিঃমিঃ ওভারহেড বৈদ্যুতিক লাইন রয়েছে। বিভিন্ন সময়ে ঘূর্ণিঝড়, বৃষ্টি বা দূর্ঘটনায় পোল ভেঙ্গে গেলে পরিবর্তনের প্রয়োজন পড়ে। তাছাড়া রাস্তার মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ চলাকালীন সময়ে রাস্তা চওড়া করা হলে পোল শিফটিং করতে হয়। উক্ত পরিবর্তন ও শিফটিং এর কাজের জন্য বিভিন্ন মাপের কনক্রিট পোল, ডি-৫ এলুমিনিয়াম ওয়্যার ও উডেন লগ সংগ্রহ করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৪/৩/২৫ ১২:৪৭ অপরাহ্ন

সংশ্লিষ্ট আলোচ্য প্ল্যান্টের ওভারহেড ইলেক্ট্রিক্যাল লাইন রক্ষণাবেক্ষণ কাজের জন্য কনক্রিট পোল, ডি-৫ এলুমিনিয়াম ওয়্যার ও উডেন লগ সংগ্রহ করার লক্ষ্যে স্পেসিফিকেশন অনুযায়ী (সংযুক্তিঃ ০৩) বাজার দরের (সংযুক্তিঃ ০৪) ভিত্তিতে সর্বমোট টাঃ ৯,৯৯,৫৫০/- (নয় লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত পঞ্চাশ) টাকার একটি প্রাক্কলন (সংযুক্তিঃ ০৫) প্রস্তুত করা হয়েছে। আলোচ্য সরবরাহ কাজটি সাকেওপা এর ২০২৪-২৫ ইং অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের পরিচালন ব্যয়ের ক্রমিক নং-৩৫ এ “খুচরা যন্ত্রাংশ (শোধনাগার)” খাত হতে নির্বাহ করা হবে (সংযুক্তিঃ ০১)। যা ২০২৪-২৫ ইং অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-১৬১ এ প্যাকেজ G64 হিসাবে অন্তর্ভুক্ত আছে (সংযুক্তিঃ ০২)।

সংযুক্তিসমূহ (৫):

- ১। Budget FY 2024-2025.pdf
- ২। APP FY 2024-25.pdf
- ৩। Technical Specification.pdf
- ৪। Market Rate.pdf
- ৫। Estimate.pdf

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৪/৩/২৫ ১২:৪৯ অপরাহ্ন




এমতাবস্থায়, অনুচ্ছেদঃ ১.০ হতে ১.১ পর্যন্ত বিস্তারিত বর্ণনার আলোকে “Supply of electrical sub-station related spare item for SKWP” শীর্ষক কাজটি সম্পাদনের নিমিত্তে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) সরবরাহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬১ ধারায় উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) এ e-GP প্রক্রিয়ায় দরপত্র আহবানের অনুমোদন;

খ) উপস্থাপিত প্রাক্কলিত সর্বমোট টাঃ ৯,৯৯,৫৫০/- (নয় লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা মাত্র এর প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন এবং

গ) আলোচ্য সরবরাহ কাজটির ব্যয়ভার সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্টের ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের পরিচালন ব্যয়ের ক্রমিক নংঃ-৩৫ এর “খুচরা যন্ত্রাংশ (শোধনাগার)” হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

			
২৪/৩/২৫ ১২:৫৭ অপরাহ্ন মোঃ আবুল কালাম আজাদ উপ-সহকারী প্রকৌশলী সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	২৪/৩/২৫ ১:০২ অপরাহ্ন মোঃ সুমন আহমেদ সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	২৪/৩/২৫ ৬:৪৭ অপরাহ্ন মোঃ নাফিজ ইমতিয়াজ নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	২৪/৩/২৫ ৬:৪৭ অপরাহ্ন মিজঃ গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৫/৩/২৫ ৭:১৪ অপরাহ্ন

Approved.

২৫/৩/২৫ ৭:১৪ অপরাহ্ন
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

২৫/৩/২৫ ৭:১৪ অপরাহ্ন

মোঃ নাফিজ ইমতিয়াজ
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সভার কেরানীগঞ্জ ওয়েলফিন্ড প্ল্যান্ট

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২৬/৩/২৫ ১১:৪৩ পূর্বাহ্ন

অনুচ্ছেদ ১.৩ এর আলোকে দরপত্র আহ্বানের ব্যবস্থা নিন।

২৬/৩/২৫ ১১:৪৩ পূর্বাহ্ন
মোঃ নাফিজ ইমতিয়াজ
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সভার কেরানীগঞ্জ ওয়েলফিন্ড প্ল্যান্ট

২৬/৩/২৫ ১১:৪৩ পূর্বাহ্ন

মোঃ আবুল কালাম আজাদ
উপ-সহকারী প্রকৌশলী
সভার কেরানীগঞ্জ ওয়েলফিন্ড প্ল্যান্ট